



স্মারক নম্বর: ২৬.০০.০০০০.০০০.০৯০.২৭.০০১০.১৫-২৭৬

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩৩
২০ সেপ্টেম্বর ২০২৬

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব অপূর্ব অধিকারী, উপপরিচালক, বরিশাল বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর-আপনার স্ত্রী কর্তৃক ২০১৮ সালের যৌতুক নিরোধ আইনের ৩ ধারা মোতাবেক ০৭ মার্চ ২০২৪ তারিখে রাজশাহী জেলার বোয়ালিয়া সি. এম. এম আদালতে ৪৪৮ সিআর/২০২৪ (বোয়ালিয়া) মামলায় অভিযুক্ত হোন;

যেহেতু, আপনাকে মহামান্য হাইকোর্ট হইতে বর্ণিত মামলায় ২২ এপ্রিল ২০২৪ তারিখে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয় এবং বরিশাল কোতয়ালী মডেল থানা কর্তৃক ২৯ মে ২০২৪ তারিখে গ্রেফতার করে আদালতে সোপর্দ করা হয়;

যেহেতু, আপনার বিরুদ্ধে ফৌজদারি অপরাধে মামলা চলমান;

যেহেতু, আপনার এরূপ কার্যক্রম সরকারি চাকরি শৃঙ্খলা পরিপন্থি এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ; এবং

সেহেতু আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এর দায়ে অভিযুক্ত করা হলো;

এমতাবস্থায়, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) অনুযায়ী সরকারি চাকরি হতে বরখাস্ত করা হবে না অথবা এই বিধিমালায় বর্ণিত অন্য কোনো উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা বিধি ৭(১) (খ) অনুযায়ী এই অভিযোগনামা প্রাপ্তির পর ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। একই সাথে এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জবাবে উল্লেখ করতে অনুরোধ করা হলো।

যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এই অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে তার একটি অনুলিপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ আতাউর রহমান খান এনডিসি

সচিব

বাণিজ্য মন্ত্রণালয়

জনাব অপূর্ব অধিকারী

উপপরিচালক, বরিশাল বিভাগীয় কার্যালয়

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

ও

স্থায়ী ঠিকানা:

জনাব অপূর্ব অধিকারী, পিতা: আশুতোষ অধিকারী; সাং: আমতলী সড়ক; পোস্ট+থানা: বরগুনা; জেলা: বরগুনা।

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.০০০.০৯০.২৭.০০১০.১৫-২৭৬

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩৩
২০ সেপ্টেম্বর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৪। ফুফুসচিব, প্রশাসন অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

চলমান পাতা-০২-

- ৫। যুগ্মসচিব, প্রশাসন-১ অধিশাখা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, বাণিজ্য মন্ত্রণালয়, হিসাব ভবন (৪র্থ তলা, গেট নং-৪) সেগুনবাগিচা, ঢাকা সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। হিসাবরক্ষণ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। মিজ্ শ্রাবনী সরকার, জনাব অপূর্ব অধিকারী এর প্রথম স্ত্রী, সিনিয়র অফিসার, বেসিক ব্যাংক পিএলসি, নাটোর শাখা।


(মোঃ আব্দুল মালেক)
উপসচিব



অভিযোগ বিবরণী

আপনি জনাব অপূর্ব অধিকারী, উপপরিচালক, বরিশাল বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর-আপনার স্ত্রী কর্তৃক ২০১৮ সালের যৌতুক নিরোধ আইনের ৩ ধারা মোতাবেক ০৭ মার্চ ২০২৪ তারিখে রাজশাহীর বোয়ালিয়া সি. এম. এম আদালতে অভিযোগ করে মামলা দায়ের করা হয় [মামলা নং- ৪৪৮ সিআর/২০২৪ (বোয়ালিয়া)]। মহামান্য হাইকোর্ট হতে বর্ণিত মামলায় ২২ এপ্রিল ২০২৪ তারিখে আপনার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয় এবং বরিশাল কোতয়ালী মডেল থানা কর্তৃক ২৯ মে ২০২৪ তারিখে গ্রেফতার করে আপনাকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়। আপনার বিরুদ্ধে ফৌজদারি অপরাধে মামলা চলমান রয়েছে যা সরকারি কর্মচারী শৃঙ্খলা পরিপন্থি।

০২। জনাব অপূর্ব অধিকারী, উপপরিচালক, বরিশাল বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর-এর ফৌজদারি অপরাধে অভিযুক্ত হয়ে গ্রেফতার হওয়া এবং ফৌজদারি অপরাধে অভিযুক্ত হয়ে মামলাধীন থাকা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুসারে ‘অসদাচরণ’ পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

মোঃ আতাউর রহমান খান এনডিসি

সচিব

বাণিজ্য মন্ত্রণালয়